গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.mopa.gov.bd

নং : ০৫.০০.০০০০.১৮১.২২.০০৫.২২.২১৩

তারিখ : ১৬ আষাঢ় ১৪২৯ / ৩০ জুন ২০২২

পরিপত্র

বিষয় : বিভাগীয় মামলায় রাষ্ট্রপক্ষে অভিযোগের সমর্থনে মামলা পরিচালনার জন্য নথি উপস্থাপনকারী কর্মকর্তা মনোনয়ন

বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা/মাঠ প্রশাসনে কর্মরত কর্মকর্তাদের কার্যক্রমের জন্য তাদের বিরুদ্ধে দায়েরকৃত বিভাগীয় মামলায় ব্যক্তিগত শুনানি কিংবা তদন্তকালে রাষ্ট্রপক্ষে অভিযোগের সমর্থনে মামলা পরিচালনার জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা/মাঠ প্রশাসন কর্তৃক কর্মকর্তা মনোনয়ন দেওয়া হয়ে থাকে। উক্ত কর্মকর্তার মামলা পরিচালনার দক্ষতার উপর তথা যথাযথভাবে বক্তব্য/অভিযোগ/সাক্ষ্য-প্রমাণ উপস্থাপনের উপর অভিযোগ প্রমাণিত হওয়া বা না হওয়ার বিষয় অনেকাংশে নির্ভর করে। এ জন্য অভিযোগের বিষয় সম্পর্কে সঠিকভাবে জ্ঞাত এবং যথাযথ পদমর্যাদাসম্পন্ন একজন কর্মকর্তাকে রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তা হিসাবে নাম মনোনয়ন দেওয়া প্রয়োজন।

০২। কিন্তু প্রায়শ দেখা যায় যে, বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি/তদন্তের ক্ষেত্রে অভিযোগের বিষয় সম্পর্কে সম্যকভাবে জ্ঞাত নয় অথবা মামলা পরিচালনায় দক্ষতার অভাব রয়েছে এমন কর্মকর্তাকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/অধিদপ্তর/সংস্থা/মাঠ প্রশাসন কর্তৃক রাষ্ট্রপক্ষে অভিযোগের সমর্থনে নথি উপস্থাপনকারী কর্মকর্তা হিসাবে মনোনয়ন দেওয়া হয়ে থাকে। এরূপ মনোনীত কর্মকর্তার অদক্ষ/অপরিপক্কভাবে নথি উপস্থাপন করার ফলে ব্যক্তিগত শুনানি বা তদন্তে অভিযোগের সত্যতা বা যথার্থতা নিরূপণে জটিলতার সৃষ্টি হয় বিধায় সঠিক সিদ্ধান্ত গ্রহণ বিঘ্নিত হয়।

০৩। বিভাগীয় মামলার ক্ষেত্রে উক্ত সমস্যা পরিহার করার জন্য এখন থেকে বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানি/তদন্তে রাষ্ট্রপক্ষে অভিযোগের সমর্থনে নথি উপস্থাপনের উদ্দেশ্যে কর্মকর্তা মনোনয়নের ক্ষেত্রে নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো :-

(ক) বিভাগীয় মামলায় রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী হিসাবে অভিযোগ সম্পর্কে সম্যক জ্ঞাত এবং বিভাগীয় মামলা পরিচালনায় দক্ষতা রয়েছে এমন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করতে হবে;

(খ) প্রশাসনিক/প্রাথমিক তদন্তকারী কর্মকর্তাকে রাষ্ট্রপক্ষের নথি উপস্থাপনকারী হিসাবে মনোনয়ন দেওয়া যাবে না;

(গ) বিভাগীয় মামলার সত্যতা নিরূপণের স্বার্থে অনিবার্য কারণ ব্যতীত রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তা পরিবর্তন করা যাবে না;

(ঘ) অভিযুক্ত কর্মকর্তা অপেক্ষা কনিষ্ঠ কর্মকর্তাকে রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী হিসাবে মনোনয়ন না দেওয়া বাঞ্ছনীয়; তবে অনিবার্য কারণে কনিষ্ঠ কর্মকর্তাকে রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী হিসাবে মনোনয়ন দেওয়া যেতে পারে; এবং

(ঙ) রাষ্ট্রপক্ষে নথি উপস্থাপনকারী কর্মকর্তাকে নির্ধারিত সময়ে তদন্ত কর্মকর্তার নিকট অভিযোগের সমর্থনে সকল দালিলিক প্রমাণ ও সাক্ষীদের উপস্থাপন করতে হবে; তবে তিনি নিজে সাক্ষ্য দিতে পারবেন না।

০৪। ইতঃপূর্বে ১৮.০২.২০১৫ তারিখে জারিকৃত ০৫.০০.০০০০.১৮২.২৭.০১৮.১২-১৩১ নং পরিপত্র বাতিল করা হলো।

মেহেদী হাসান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ০২২২৩৩৫৪৩০৪
ই-মেইল: dis2@mopa.gov.bd

আইন-২ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০

www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৭০.০৩.০০১.২২.৩৬২

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯

২৫ আগস্ট ২০২২

অবগতি/ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

২৫-৮-২০২২

শরীফা আহমেদ

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২-৯৫৭৭২৬৯

ইমেইল: law2@ssd.gov.bd

১) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০৭০.০৩.০০১.২২.৩৬২/১(২)

তারিখ: ১০ ভাদ্র ১৪২৯

২৫ আগস্ট ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২) ব্যক্তিগত কর্মকর্তা, আইন ও শৃঙ্খলা অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২৫-৮-২০২২

শরীফা আহমেদ

উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

প্রধান কার্যালয়

৪১, সেগুনবাগিচা , ঢাকা-১০০০।

Website: www.dnc.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০২.০০০০.০০৬.৯৯.০০১.১৯.১০৫২

তারিখ: ২৭ ভাদ্র ১৪২৯

১১ সেপ্টেম্বর ২০২২

১১-৯-২০২২

কাসফিয়া আলম

সহকারী পরিচালক (প্রশাসন) ও আইন কর্মকর্তা

(অতিঃ দায়িত্ব)

ফোন: 02-48322185

১) পরিচালক (প্রশাসন/অপারেশনস/নিরোধ শিক্ষা/চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

২) চীফ কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও ঢাকা।

৩) প্রধান রাসায়নিক পরীক্ষক, কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার, ১৭৪ ডিষ্টিলারী রোড, গেন্ডারিয়া, ঢাকা ।

৪) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/ বরিশাল/রংপুর/ ময়মনসিংহ/ গোয়েন্দা শাখা, ঢাকা।

৫) সিস্টেম এনালিস্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কম্পিউটার সেল, প্রধান কার্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশ এবং সংশ্লিষ্ট অফিসসমূহে ই-মেইল এ প্রেরণের অনুরোধসহ)।

৬) সিনিয়র কনসালটেন্ট, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, চট্টগ্রাম/রাজশাহী/ খুলনা।

৭) উপ-পরিচালক/সহকারী পরিচালক(.....), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়/বিভাগীয় গোয়েন্দা কার্যালয় / জেলা কার্যালয়/মেট্রো (উত্তর/দক্ষিণ) কার্যালয়/টেকনাফ বিশেষ জোন,----------।

৮) সহকারী পরিচালক (অর্থ ও হিসাব), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা।

৯) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১১) অফিস কপি/গার্ড ফাইল।